



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
পরিকল্পনা ও উন্নয়ন শাখা



উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত কমিটি'র ২০২০-২১ অর্থবছরের ১ম ত্রৈমাসিক সভার
কার্যবিবরণী।

সভাপতি	নাসরীন আফরোজ ব্যবস্থাপনা পরিচালক
সভার তারিখ	০৫ অক্টোবর ২০২০ খ্রিস্টাব্দ
সভার সময়	সোমবার; সকাল: ১১.৪০ মিনিট
স্থান	প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের সম্মেলন কক্ষ (কক্ষ নং-২১৫)।
উপস্থিতি	“ক”

২.০ সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে সহকারী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) ট্রাস্টের উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত বিগত সভার কার্যবিবরণী উপস্থাপন করেন। এরপর সভার আলোচ্যসূচি অনুযায়ী নিম্নবর্ণিত সিদ্ধান্ত গ্রহণ করা হয়:

ক্র:	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
২.১	বিগত সভার কার্যবিবরণী পাঠ ও নিশ্চিতকরণ: বিগত ২৮ জুন ২০২০ খ্রি. তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীতে কোনো সংশোধনী না থাকলে তা সর্বসম্মতিক্রমে অনুমোদন করা যেতে পারে বলে সদস্য সচিব সভাকে অবহিত করেন।	কার্যবিবরণীতে কোনো সংশোধনী না থাকায় অনুমোদন করা হয়।	সহকারী পরিচালক (পরি: ও উন্নয়ন)

২.২	<p>উদ্ভাবন কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রম গ্রহণ বিষয়ে পর্যালোচনা:</p> <p>সহকারী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) বলেন যে, ২০২০-২১ অর্থবছরে উদ্ভাবন কর্মপরিকল্পনা অনুযায়ী উদ্ভাবনী টিমের সভা নিয়োগিত আয়োজন করাসহ উদ্ভাবনী উদ্যোগ/ধারণার তালিকা প্রণয়নপূর্বক ওয়েব সাইটে আপলোড, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সংশ্লিষ্ট শাখায় প্রেরণ, উদ্ভাবন ও সেবা সহজিকরণ এবং উদ্ভাবনে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে প্রয়োজনীয় সংখ্যক কর্মশালা/সেমিনার/প্রশিক্ষণ আয়োজন করা যেতে পারে।</p> <p>ট্রাস্টের ই-লাইব্রেরি ম্যানেজমেন্ট সিস্টেম সফটওয়্যার তৈরী করার জন্য ট্রাস্টের কর্মকর্তা-কর্মচারীদের ইনোভেশন কাজের স্বীকৃতি স্বরূপ পুরস্কার প্রদানের প্রয়োজনীয়তা উপ-পরিচালক সভায় উল্লেখ করেন। ২০২০-২১ অর্থবছরে ট্রাস্টের উদ্ভাবনী উদ্যোগ হিসেবে এককালীন আর্থিক অনুদান প্রদান অনলাইন ব্যবস্থাপনা পদ্ধতি, উচ্চ শিক্ষায় ফেলোশিপ প্রদান কার্যক্রম অনলাইনকরণ ও ট্রাস্টের বেতন-ভাতাদি ইএফটি'র আওতায় আনয়নের উপর গুরুত্বারোপ করেন।</p> <p>সভাপতি ২০১৯-২০ অর্থবছরে উদ্ভাবনী উদ্যোগ/ধারণার অংশ হিসেবে আর্থিক সহায়তা প্রদান পদ্ধতি অনলাইন করায় সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীদের ধন্যবাদ জ্ঞাপন করেন এবং চলতি অর্থবছরে উদ্ভাবনী উদ্যোগসমূহ আন্তরিকতার সাথে বাস্তবায়নের জন্য সকলকে অনুরোধ করেন।</p>	<p>ক) কর্মপরিকল্পনা অনুযায়ী সেবা সহজিকরণ/উদ্ভাবনে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ২য় ত্রৈমাসিকে দু'টি কর্মশালা আয়োজন করা হবে।</p> <p>খ) 'ই-লাইব্রেরি ম্যানেজমেন্ট সিস্টেম সফটওয়্যার' তৈরীর সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীকে ৩১ অক্টোবর ২০২০ তারিখের মধ্যে পুরস্কার প্রদান করা হবে।</p> <p>গ) উদ্ভাবনী উদ্যোগ/ধারণা হিসেবে ২০২০-২১ অর্থবছরে- ১) আর্থিক অনুদান প্রদান এবং ২) উচ্চ শিক্ষায় ফেলোশিপ প্রদান কার্যক্রম অনলাইন ব্যবস্থাপনা পদ্ধতি নিয়ে ট্রাস্টের ডাটা এন্ট্রি অপারেটর বেগম আলেয়া আক্তার ও জনাব মো: আয়ুব হোসেন কাজ করবেন।</p>	<p>সহকারী পরিচালক (পরি: ও উন্নয়ন)</p> <p>সহকারী পরিচালক (অর্থ ও হিসাব)</p> <p>প্রোগ্রামার</p>
-----	--	---	--

৩.০ আর কোন আলোচনা না থাকায় উপস্থিতির জন্য সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।



নাসরীন আফরোজ
ব্যবস্থাপনা পরিচালক

স্মারক নম্বর: ৩৭.২৪.০০০০.০০৪.০৬.০০২.১৮.৩৪

তারিখ: ২২ আশ্বিন ১৪২৭

০৭ অক্টোবর ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) পরিচালক (যুগ্ম সচিব), প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

- ৩) উপ-পরিচালক, উপ-পরিচালকের দপ্তর, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
- ৪) সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব), বার্ষিক কর্মসম্পাদন, সেবা উন্নয়ন ও উদ্ভাবন শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৫) সহকারী পরিচালক, উপবৃত্তি শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
- ৬) সহকারী পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
- ৭) সহকারী পরিচালক, প্রশাসন শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
- ৮) সহকারী পরিচালক, অর্থ ও হিসাব শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
- ৯) প্রোগ্রামার, আইসিটি শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট (ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।
- ১০) ব্যক্তিগত সহকারী, ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট (ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।



মোহাম্মদ আনোয়ার হোসেন সোহাগ
সহকারী পরিচালক